

পদোন্নতির দাবিতে আমরণ অনশনে ববি শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক, বরিশাল



বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) অপেক্ষমাণ ৬০ শিক্ষকের পদোন্নতির দাবিতে আমরণ অনশনে বসেছেন শিক্ষকরা। গতকাল রবিবার সন্ধ্যা ৭টা থেকে উপাচার্যের কার্যালয়ের সামনে মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ও সহযোগী অধ্যাপক মো. জামাল উদ্দিন এই কর্মসূচি শুরু করেন।

গতকাল রাত সাড়ে ১১টার দিকে উপাচার্যের কার্যালয়ে ১২ জন শিক্ষক অংশ নেন। আজ সোমবার থেকে তাঁরা নতুন আন্দোলন কর্মসূচি শুরু করবেন বলে জানা গেছে।

জানা গেছে, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৬০ জন শিক্ষক পদোন্নতি পাওয়ার অপেক্ষায় আছেন। এর মধ্যে অধ্যাপক পদে ২৪ জন, সহযোগী অধ্যাপক পদে ৩০ জন এবং সহকারী অধ্যাপক পদে ৬ জন পদোন্নতি বোর্ড হয়েছে। কিন্তু তা সিভিলিকিটে না উঠায় পদোন্নতি আটকে আছে।

জামাল উদ্দিন বলেন, বিশ্ববিদ্যালয়ে দুই বছর ধরে শিক্ষকদের কোনো পদোন্নতি হচ্ছে না।

অনেকের পদোন্নতির যোগ্যতা অর্জনের ছয় মাস পার হয়ে গেছে। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো ব্যবস্থা নেয়নি। আমি চাই, শিক্ষক সংকট এবং অপেক্ষমাণ ৬০ জন শিক্ষকের পদোন্নতির কার্যক্রম দ্রুত সমাধান করা হোক।

অনশনের খবর পেয়ে উপাচার্য মোহাম্মদ তৌফিক আলম তাঁর কার্যালয়ের সামনে গিয়ে জামাল উদ্দিনের সঙ্গে কথা বলেন।

তবে অনশন অব্যাহত থাকে।

এর আগে রবিবার দুপুরে পদোন্নতির অপেক্ষায় থাকা শিক্ষকেরা বৈঠক করেন। বৈঠকে ক্লাস বন্ধ রাখা ও উপাচার্যের কার্যালয়ে তালা দেওয়ার

মতো প্রস্তাব ওঠে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

বৈঠকে অংশ নেওয়া সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মো. সাদিকুর রহমান বলেন, ছয় মাস ধরে আমাদের পদোন্নতি হচ্ছে না। এ নিয়ে উপাচার্যের সঙ্গে বহুবার বৈঠক করেছি।

কিন্তু কোনো সুরাহা না হওয়ায় রবিবার পর্যন্ত সময়সীমা দেওয়া হয়েছিল। তাতেও কোনো উদ্যোগ নেওয়া হয়নি।

তিনি আরো বলেন, দাবি আদায়ের লক্ষ্যে আমরা নতুন কর্মসূচি দিতে যাচ্ছি। আজ সোমবার সকালে আবার বৈঠক করে পরবর্তী আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ তৌফিক আলম বলেন, অনশনরত শিক্ষকের সঙ্গে কথা বলেছি। মঞ্জুরি কমিশনের সঙ্গেও কথা হয়েছে। পরবর্তী পদক্ষেপ নেব।

